রেজুলেশন

**উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রন সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ
মোছাঃ মমতাজ আক্তার (বেবি)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

স্থানঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, বাগমারা, রাজশাহী।
তারিখ ও সময়ঃ ০৩/০২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের তালিকা পরিশিষ্ট “ক” ছকে দেখানো হল।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা পরিচালনা কাজ শুরু করেন এবং শুরুতেই তিনি তার দপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি সভাকে বলেন চলতি আমন উৎপাদন মৌসুমে সারাদেশের ন্যায় বাগমারা উপজেলাধীন ভবানীগঞ্জ খাদ্য গুদামে অভ্যন্তরিন ভাবে বাগমারার চুক্তিবদ্ধ্য মিলারদের নিকট হতে প্রতি কেজি ৪০ (চল্লিশ) টাকা দরে আমন চাল সংগ্রহ করা হচ্ছে। তিনি আরো বলেন যে,- বর্তমানে খোলা বাজারে চাল ও আটা বিক্রির কার্যক্রম পরিচালনা করার জন্য বাগমারা উপজেলাধীন ভবানীগঞ্জ ও তাহেরপুর পৌরভসভায় মোট ৭ (সাত) জন ডিলার ১ (এক) টন করে মোট ৭ (সাত) টন চাল ও ৭ (সাত) টন আটা, সপ্তাহে শুক্রবার ব্যাতিত ৬ (ছয়) দিন চাল ও আটা বিক্রির কার্যক্রম চলছে। খোলা বাজারের কার্যক্রম চলমান থাকার কারনে বর্তমানে চাল এর বাজার মূল্য অনেক স্থিতিশীল আছে এবং আগামী মার্চ/২০২২ মাস হতে খাদ্য বান্ধব কার্যক্রম শুরু হবে। খাদ্য বান্ধব কর্মসূচীর মাধ্যমে বাগমারা উপজেলাধীন ১৬ (ষোল) টি ইউনিয়নে ২ (দুই) জন করে মোট ৩২ (বত্রিশ) জন ডিলারের মাধ্যমে উপকারভোগীগনের মধ্যে প্রতি কেজি ১০ (দশ) টাকা দরে চাল বিক্রয় কার্যক্রম শুরু হবে। একজন উপকারভোগী মাসে ৩০ (ত্রিশ) কেজি চাল পাবেন। এই খাদ্যবান্ধব কর্মসূচী এপ্রিল/২০২২ মাস পর্যন্ত চলমান থাকবে। এই খাদ্য বান্ধব কার্যক্রম শুরু হলে চাল এর বাজার মূল্য আরো সহনীয় পর্যায়ে চলে আসবে বলে আশা প্রকাশ করেন।

এরপর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চেয়ারম্যান, দ্বীপপুর ইউনিয়ন পরিষদ, বাগমারা, রাজশাহীকে তার বক্তব্য উত্থাপনের জন্য অনুরোধ জানালে চেয়ারম্যান, দ্বীপপুর ইউনিয়ন পরিষদ, বাগমারা, রাজশাহী সভাকে জানান তার দপ্তরের সকল কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভার সকল সদস্যের নিকট হতে নিত্যপণ্যের বাজার মূল মনিটরিং এর জন্য সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ মমতাজ আক্তার (বেবি))
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।
ও
উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রন সম্পর্কিত স্থায়ী কমিটি
বাগমারা, রাজশাহী।

রেজুলেশন

**উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রন সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ

মোছাঃ মমতাজ আক্তার (বেবি)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

স্থানঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, বাগমারা, রাজশাহী।
তারিখ ও সময়ঃ ১০/০৪/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের তালিকা পরিশিষ্ট "ক" ছকে দেখানো হল।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা পরিচালনা কাজ শুরু করেন এবং শুরুতেই তিনি তার দপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি সভাকে বলেন যে, খোলা বাজারে ৩০ (ত্রিশ) টাকা কেজি দরে চাউল ও ১৮ (আঠার) টাকা কেজি দরে আটা বিক্রয় কার্যক্রম চলমান আছে। বর্তমানে খোলা বাজারে চাল ও আটা বিক্রয় কার্যক্রম পরিচালনা করার জন্য বাগমারা উপজেলাধীন ভবানীগঞ্জ ও তাহেরপুর পৌরভসভায় মোট ৭ (সাত) জন ডিলার ১ (এক) টন করে মোট ৭ (সাত) টন চাল ও ৭ (সাত) টন আটা, সপ্তাহে শুক্রবার ব্যাতিত ৬ (ছয়) দিন চাল ও আটা বিক্রির কার্যক্রম চলছে। খাদ্য বান্ধব কর্মসূচীর কার্যক্রম চলতি এপ্রিল মাসেও চলমান আছে। বৈশ্বিক মন্দার কারনে সারা বিশ্বেই নিত্যপন্য ও জ্বালানি দ্রব্যের মূল্য উর্ধগতি পরিলক্ষিত হচ্ছে। আমাদের দেশে ভগ্যপন্য ও জ্বালানি দ্রব্যের মূল্য এখনও সহনীও পর্যায়ে আছে।

এরপর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, অন্য যেকোন সম্মানিত সদস্যকে তাঁর মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করলে চেয়ারম্যান, দ্বীপপুর ইউনিয়ন পরিষদ, বাগমারা, রাজশাহী সভাকে জানান তার দপ্তরের সকল কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভার সকল সদস্যের নিকট হতে নিত্যপণ্যের বাজার মূল মনিটরিং এর জন্য সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ মমতাজ আক্তার (বেবি))
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।
ও
উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রন সম্পর্কিত স্থায়ী কমিটি
বাগমারা, রাজশাহী।

রেজুলেশন

<u>উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রন সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ</u>

সভাপতিঃ

মোছাঃ মমতাজ আক্তার (বেবি)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

স্থানঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, বাগমারা, রাজশাহী।
তারিখ ও সময়ঃ ০৮/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের তালিকা পরিশিষ্ট "ক" ছকে দেখানো হল।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা পরিচালনা কাজ শুরু করেন এবং শুরুতেই তিনি তার দপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি সভাকে বলেন চলতি বোরো উৎপাদন মৌসুমে সারাদেশের ন্যায় বাগমারা উপজেলাধীন ভবানীগঞ্জ খাদ্য গুদামে অভ্যন্তরিন বোরো ধান ও চাল সংগ্রহ করা হচ্ছে। ধানের সংগ্রহ মূল্য প্রতি কেজি ২৭/- টাকা এবং চালের সংগ্রহ মূল্য প্রতি কেজি ৪০/- টাকা। ধানের বাজার মূল্য বেশি হওয়ায় ধানের সংগ্রহ আশান্বিত ভাবে ধান সংগ্রহ সফল হচ্ছে না। চলতি মাসে কাবিখা, জি আর ইত্যাদি খাতে প্রচুর পরিমানে খাদ্য গুদাম হতে চাল বিলি/বিতরন হচ্ছে। এর কারনে বাজারে চালের কিছুটা এখনও সহনীও পর্যায়ে আছে।

এরপর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চেয়ারম্যান, দ্বীপপুর ইউনিয়ন পরিষদ, বাগমারা, রাজশাহীকে তার বক্তব্য উথাপনের জন্য অনুরোধ জানালে চেয়ারম্যান, দ্বীপপুর ইউনিয়ন পরিষদ, বাগমারা, রাজশাহী সভাকে জানান তার দপ্তরের সকল কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভার সকল সদস্যের নিকট হতে নিত্যপণ্যের বাজার মূল মনিটরিং এর জন্য সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ মমতাজ আক্তার (বেবি))
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।
ও
উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রন সম্পর্কিত স্থায়ী কমিটি
বাগমারা, রাজশাহী।